


মোবাইলে জুম বা অনলাইন মিটিংয়ের সাধারণ নির্দেশিকা


১. জুম লিংকে ক্লিক করলেই আপনার ফোনের Zoom অ্যাপটি চালু হয়ে যাবে। যদি আপনার ফোনে Zoom অ্যাপ না থাকে তাহলে প্লে স্টোর থেকে জুম অ্যাপটি আপনার ফোনে ইনস্টল করুন।




২. মিটিং হোস্ট প্রদত্ত লিংকে ক্লিক করে মিটিংয়ে যোগ দিন। জুম সিলেক্ট করে Always এ ক্লিক করুন।



৩. আপনার নাম লিখুন এবং পারমিশন দিতে Got it ও Allow এ ক্লিক করুন।



৪. Call via Device Audio তে ক্লিক করুন।



৫. মিটিংয়ে যোগ দিলে আপনি মোবাইল স্ক্রিনের নিচের দিকে একটি কন্ট্রোল বার পাবেন যা দেখতে অনেকটা নিচের ছবির মত। আপনি আপনার মাইক্রোফোন বন্ধ/চালু করতে কন্ট্রোল বারের একেবারে বাম পাশের মাইক্রোফোন আইকনে ক্লিক করুন। পাশের ভিডিও আইকনে ক্লিক করে ক্যামেরা চালু/বন্ধ করতে পারেন। শুধুমাত্র নিজের বক্তব্যের সময় ছাড়া অন্যান্য সময় মাইক্রোফোন বন্ধ রাখুন।



৬. সকল অংশগ্রহণকারী বা ব্যক্তি বিশেষের সাথে মতামত আদান-প্রদান করতে Chat অপশনটি ব্যবহার করুন।

৭. অনুবাদ শোনা: যদি মিটিংটির অনুবাদ হয়ে থাকে তবে আপনার কন্ট্রোল বার থেকে More এ ক্লিক করলে Language Interpretation অপশন পাবেন। অনুবাদ শুনতে Language Interpretation ক্লিক করে আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন। এখন আপনি মূল অডিও এবং অনুবাদকৃত অডিও দুটোই শুনতে পাবেন তবে মূল অডিও তুলনামূলক কম ভলিউমে শুনতে পাবেন। শুধুমাত্র অনুবাদকৃত অডিও শুনতে Mute Original Audio তে ক্লিক করুন।



মিটিংএ যোগদান প্রক্রিয়া ভিডিওতে দেখতে এই লিংকে ভিজিট করুনঃ www.facebook.com/watch/?v=235766527726843